Live healthy
Live happy
Birmingham and Solihull

NHS

বার্মিংহাম অ্যান্ড সোলিহুল শেয়ার্ড কেয়ার রেকর্ড

বার্মিংহাম এবং সোলিহুলে বসবাসকারী লোকজনদের জন্য গোপনীয় ইলেকট্রনিক হেলথ এবং কেয়ারের রেকর্ড

Solihull Metropolitan Borough Council

Birmingham City Council

বার্মিংহাম অ্যান্ড সোলিহুল শেয়ার্ড কেয়ার রেকর্ড কী?

শেয়ার্ড কেয়ার রেকর্ড হল আপনার হেলথ এবং সোশ্যাল কেয়ারারের সাথে জড়িত বিভিন্ন সংস্থাগুলো থেকে পাওয়া আপনার সকল পৃথক রেকর্ডগুলোকে একত্রিত করার একটি উপায়। এটি গোপনীয় এবং আপনি আগে শুনেছেন এমন যেকোনো কিছুর থেকে আলাদা।

এটি হেলথ এবং সোশ্যাল কেয়ার পেশাদারদেরকে আপনি সকল সার্ভিস থেকে যে পরিচর্যা এবং চিকিৎসা পেয়েছেন সেই সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য দেখতে দেবে।

আমরা জানি আপনি শুধুমাত্র একবার আপনার গল্প বলতে এবং তথ্য শেয়ার করতে চান যা হল বার্মিংহাম এবং সোলিহুলের যেকোনো হেলথ অথবা সোশ্যাল কেয়ার সংস্থা থেকে কেবল পরিচর্যা নেওয়ার সময়। এজন্য আমরা শেয়ার্ড কেয়ার রেকর্ড তৈরি করেছি।

এটি কাকে প্রভাবিত করে?

বার্মিংহাম এবং সোলিহুল, কোভেন্ট্রি এবং ওয়ারউইকশায়ার অথবা হেয়ারফোর্ডশায়ার এবং ওরচেস্টারশায়ারে জিপি প্র্যাকটিসের সাথে নিবন্ধিত যে কেউ অন্তর্ভুক্ত হবে।

আপনি যদি এই এলাকার বাইরের কোনো প্র্যাকটিসের সাথে নিবন্ধিত হয়ে থাকেন, তাহলে আপনি অন্য কোনো প্রোগ্রামে অন্তর্ভুক্ত হয়েছেন কিনা তা দেখতে আপনার জিপি’র সাথে যোগাযোগ করতে হবে।

কে আপনার তথ্য দেখতে পাবেন - এবং কেন?

হেলথ এবং সোশ্যাল কেয়ার পেশাদাররা বার্মিংহাম এবং সোলিহুল শেয়ার্ড কেয়ার রেকর্ডের মাধ্যমে আপনার রেকর্ডগুলো দেখতে সক্ষম হবেন। একসাথে থাকা আপনার তথ্য দেখা তাদের আপনাকে আরো ভাল, নিরাপদ পরিচর্যা দিতে সহায়তা করবে।

তাদের কিছু কিছু অ্যাডমিনিস্ট্রেটিভ এবং সেক্রেটারিয়াল স্টাফরা হয়তো তথ্য দেখতে সক্ষম হতে পারেন যাতে তারা পেশাদারদের সহায়তা করতে পারেন। একটি উদাহরণ হল আপনাকে অ্যাপয়েন্টমেন্ট লেটার পাঠানো।

আপনার তথ্য গোপনীয় রাখা সম্পর্কিত আইন সকল স্টাফদের অবশ্যই মেনে চলতে হবে। প্রতিবার যখন তারা আপনার রেকর্ডগুলো দেখবেন তখন এটিকে রেকর্ড করা হবে যাতে নিশ্চিত করা যায় যে তারা সঠিক কারণে সঠিক তথ্য দেখছেন।

কোন সংস্থাগুলো জড়িত হয়েছে?

বর্তমানে এই কর্মসূচিতে অংশ নিচ্ছে এমন সংস্থাগুলো হল:

- বার্মিংহাম এবং সোলিহুলে অবস্থিত জিপি প্র্যাকটিসগুলো
- বার্মিংহাম অ্যান্ড সোলিহুল মেন্টাল হেলথ এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- ইউনিভার্সিটি হসপিটালস বার্মিংহাম এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- বার্মিংহাম উইমেন'স অ্যান্ড চিলড্রেনস এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট (ফরওয়ার্ড থিংকিং বার্মিংহামসহ)
- বার্মিংহাম কমিউনিটি হেলথকেয়ার এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- রয়্যাল অর্থোপেডিক হাসপাতাল এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- বার্মিংহাম সিটি কাউন্সিল
- সোলিহুল মেট্রোপলিটন বরো কাউন্সিল
- বার্মিংহাম চিলড্রেন'স ট্রাস্ট
- ওয়েস্ট মিডল্যান্ডস অ্যাম্বুলেন্স সার্ভিস ইউনিভার্সিটি এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট

কোভেন্ট্রি এবং ওয়ারউইকশায়ার ও হেয়ারফোর্ডশায়ার এবং ওরচেস্টারশায়ারের পার্শ্ববর্তী এলাকায় হেলথ ও সোশ্যাল কেয়ার সংস্থাগুলোও প্রয়োজনে আপনার সেই তথ্য দেখতে সক্ষম হবে যে পরিচর্যাগুলো আপনি সেখানে পাবেন।

তারা কী দেখতে সক্ষম হবে?

শেয়ার্ড কেয়ার রেকর্ডের প্রথম ধাপটি হেলথ এবং সোশ্যাল কেয়ার পেশাদারদের অন্তর্ভুক্ত উপযুক্ত বিবরণ দেখতে দেবে:

- আপনার জিপি প্র্যাকটিসের মেডিকেল রেকর্ড
- হাসপাতাল, মানসিক স্বাস্থ্য এবং কমিউনিটি সার্ভিসগুলোসহ সেকেন্ডারি কেয়ার থেকে পাওয়া তথ্য
- ম্যাটারনিটি রেকর্ড।

এই তথ্য দেখতে সক্ষম হওয়া তাদেরকে ফোন কল করা অথবা অন্যান্য সংস্থাগুলোর বিবরণ ফরোয়ার্ড করার জন্য অপেক্ষা না করে যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে সর্বোত্তম পরিচর্যা দিতে সহায়তা করবে।

আমরা জিপি'দের কাছ থেকে পাওয়া তথ্য একত্রিত করব এবং জরুরি বিভাগসহ হাসপাতালের স্বাস্থ্য পেশাদারদের দ্বারা তা দেখার অনুমতি দেব। আমরা কমিউনিটি এবং সোশ্যাল কেয়ার, অ্যাম্বুলেন্স এবং এনএইচএস 111 সার্ভিসগুলো থেকে পাওয়া তথ্য যোগ করব।

আমরা শেয়ার্ড কেয়ার রেকর্ডের বিকাশ করা চালিয়ে যাবো, যা আরো হেলথ এবং সোশ্যাল কেয়ার প্রতিষ্ঠানগুলো জুড়ে পেশাদারদের আপনার পরিচর্যাকে সহায়তা করার জন্য তথ্য দেখতে দেবে। এছাড়াও আমরা সার্ভিসগুলোকে লোকজনদের পরিচর্যার চাহিদা পূরণের সর্বোত্তম উপায়গুলোকে বুঝতে এবং খুঁজে পেতে সহায়তা করব।

আমরা কিভাবে আপনার তথ্য ব্যবহার করি সেইজন্য কঠোর নিয়ম রয়েছে। আমরা নিশ্চিত করব যে এটিকে ইউকে ডেটা প্রোটেকশন লেজিসলেশন (ডিপিএ 2018 এবং সুপারসিডিং লেজিসলেশন) সহ সকল আইনি প্রয়োজনীয়তার সাথে যথাযথভাবে পরিচালিত এবং দেখা হয়েছে। অফিসিয়াল পরিদর্শন, অথবা অডিট, এটিই ঘটেছে কিনা পরীক্ষা করে দেখবে।

কেন এটি গুরুত্বপূর্ণ

হেলথ এবং কেয়ার পেশাদাররা আপনার রেকর্ড থেকে দরকারি তথ্য দেখতে সক্ষম হবেন।

এর অর্থ হবে:

- প্রতিবার যখন আপনার পরিচর্যার প্রয়োজন হবে তখন আপনার বিবরণের পুনরাবৃত্তি করতে হবে না
- অপেক্ষাকৃত ভাল এবং, সম্ভাব্য, দ্রুত চিকিৎসা কারণ আপনার পরিচর্যা দেওয়া পেশাদাররা আপনার রেকর্ডগুলো দ্রুত দেখতে সক্ষম হবেন।
- স্বাস্থ্য পেশাদারদের কাছে আপনার সোশ্যাল কেয়ার সহায়তা ব্যাখ্যা করতে হবে না
- চিকিৎসকরা দেখতে সক্ষম হবেন আপনি কী ওষুধ খাচ্ছেন, অতীতে আপনি কী খেয়েছেন, এবং আপনার যদি কোনো অ্যালার্জি থেকে থাকে - যা আপনার চিকিৎসাকে নিরাপদ করে তুলবে।

এটি কোভিড-19 এর জন্য পরিচর্যার প্রয়োজন এমন যে কারো জন্য চিকিৎসাকে আরো কার্যকর করবে, যা তাদের যেকোনো পূর্ব-বিদ্যমান শারীরিক সমস্যা এবং তাদের ওষুধ বিষয়ক তথ্য দ্রুত পাওয়া যাওয়ার জন্য।

পরবর্তীতে কী হবে?

পরিবর্তনটি স্বয়ংক্রিয়ভাবে সংঘটিত হচ্ছে কারণ আমরা এখন প্রোগ্রামে অংশ নেওয়া সংস্থাগুলোর মধ্যে শেয়ার্ড কেয়ার রেকর্ড চালু করি।



যদি আপনি ধারণাটি পছন্দ না করেন

আপনার যেকোনো সময়ে আপত্তি করার অধিকার আছে - এটি আপনার সিদ্ধান্ত।

তবে এটি করার আগে অনুগ্রহ করে সতর্কতার সাথে চিন্তা করুন। আপত্তি করার অর্থ হল যে সার্ভিসগুলো আপনাকে পরিচর্যা দিচ্ছে তারা অন্য সার্ভিসগুলোতে আপনার রেকর্ড দেখতে অক্ষম হবে।

এর অর্থ হতে পারে আপনার হেলথ অথবা সোশ্যাল কেয়ার সম্পর্কে সহায়তার প্রয়োজন হলে যে তথ্যগুলো গুরুত্বপূর্ণ হতে পারে - উদাহরণস্বরূপ, একটি হাসপাতালের জরুরি বিভাগে ভিজিটের সময় - ফলস্বরূপ অবিলম্বে করা নাও পাওয়া যেতে পারে।

আপনি যদি আপত্তি জানাতে চান, তবে আপনি নিচে দেওয়া ঠিকানায় আমাদের ওয়েবসাইটের মাধ্যমে আমাদের জানাতে পারবেন। যদি আপনার সহায়তার প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে **collaborative.care.record@nhs.net** এ ইমেইল করুন অথবা **0345 6461163** নম্বরে কল করুন।

আরো বেশি জানতে চান?

শেয়ার্ড কেয়ার রেকর্ড সম্পর্কে আরো তথ্যের জন্য এবং এটি আপনার জন্য কী বোঝায়:

www.livehealthylivehappy.org.uk/birmingham-and-solihull-shared-care-record/

collaborative.care.record@nhs.net

আপনি যদি এই তথ্যটি একটি বিকল্প ফরম্যাটে চান (উদাহরণস্বরূপ, ব্রেইল, অডিও, সহজ পঠন অথবা আপনার কথ্য ভাষায়) তাহলে অনুগ্রহ করে উপরের ইমেইল ঠিকানায় আমাদের টিমের একজন সদস্যের সাথে যোগাযোগ করুন।

অথোরিটির পেশাদার এবং তাদের সহায়ক সহকর্মীরা যারা হেলথ এবং সোশ্যাল কেয়ারের রেকর্ডগুলো দেখেন তারা কঠোর আচরণবিধির অধীনে কাজ করেন, এর মানে হল তাদেরকে অবশ্যই আপনার গোপনীয়তাকে সম্মান করতে হবে এবং আপনার তথ্য সুরক্ষিত রাখতে হবে। এটি করতে ব্যর্থ হওয়া একটি গুরুতর অপরাধ। শেয়ার্ড কেয়ার রেকর্ডের মাধ্যমে উপলব্ধ আপনার সকল তথ্য ইউকে ডেটা প্রোটেকশন লেজিসলেশন (DPA 2018 এবং সুপারসিডিং লেজিসলেশন) সাপেক্ষে।

আমাদের ওয়েবসাইটে যেতে আমাকে স্ক্যান করুন